সংবাদ

76

তারিখ ৫/১২/৮১

পৃষ্ঠা

### ছাত্রদের উপর হামলা

# কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ বন্ধ ঘোষণা

(নিজস্ব বার্তা পরিবেশক)

গত ৩০শে নভেম্বর কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী মহাবিদ্যালয় ছাত্র সংসদের সহ-সভাপতি জনাব শফিকুল ইসলাম সিকদারসহ আরো কিছু ছাত্রের উপর কতিপয় ছাত্র নামধারী দুষ্কৃতকারীর সশস্ত্র হামলার প্রেক্ষিতে কর্তৃপক্ষ কলেজ বন্ধ করে দিয়েছেন। এছাড়া আবাসিক ছাত্রদের ছাত্রাবাস ত্যাগেরও নির্দেশ দেয়া হয়েছে।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

### ভিক্টোরিয়া কলেজ

(১ম পাতার পর)

ভিক্টোরিয়া সরকারী মহাবিদ্যালয় ছাত্র সংসদের সাধারণ সম্পাদক জনাব আবিদুর রহমান জাহাঙ্গীর এক বিবৃতিতে অভিযোগ এনে বলেছেন যে, গত ৩০শে নভেম্বর সকাল ১১টায় ছাত্র সংসদের সভা হওয়ার কথা ছিল। এর পূর্ব মুহূর্তে ছাত্রশিবির এবং কতিপয় বহিরাগত গুণ্ডা সাধারণ ছাত্রদের উপর হামলা চালায়। হামলাকারীরা বড় হকিষ্টিক ও ছোরা নিয়ে ছাত্র সংসদকক্ষেও হামলা চালায়। এতে ছাত্র সংসদের সহ-সভাপতি জনাব শফিকুল ইসলাম সিকদারসহ বহু সাধারণ ছাত্র গুরুতরভাবে আহত হন।

বিবৃতিতে তিনি এই হামলার তীব্র নিন্দা করে অবিলম্বে অধ্যক্ষসহ দুর্নীতিপরায়ণ অফিস কর্মচারীদের বহিষ্কার দাবী করেন।

কুমিল্লা জেলা আওয়ামী লীগের সভাপতি জনাব আবদুল আজিজ খান, সাধারণ সম্পাদক অধ্যক্ষ আবুল কালাম মজুমদার, জেলা ন্যাপ (হা) সভাপতি কাজী মমতাজউদ্দীন ও সাধারণ সম্পাদক জনাব খলিলুর রহমান ফরিদ, কমিউনিষ্ট পার্টির জেলা সম্পাদক জনাব হেদায়েতউল্লাহ, জেলা জাসদ সভাপতি এডভোকেট নওশের আহমদ, জেলা ন্যাপ (মো) সভাপতি শাহ আবদুল ওয়াদুদ, সাধারণ সম্পাদক জনাব জাকির হোসেন, জেলা বাসদ আহবায়ক এডভোকেট হাবিবুল্লাহ চৌধুরী ও জেলা ওয়ার্কার্স পার্টির আহ্বায়ক জনাব হাবিবুর রহমান এক যুক্ত বিবৃতিতে ভিক্টোরিয়া কলেজে সশস্ত্র হামলার তীব্র নিন্দা করেছেন।